**শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়**
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(০১)/২০২৬-৫২৮ তারিখঃ ১৫-০৭-২০২৬

## মাইগ্রেটেড শিক্ষার্থীর ভর্তি বিজ্ঞপ্তি

কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয়সমূহে গুচ্ছ পদ্ধতির আওতায় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে সর্বপ্রথম নির্বাচিত বিশ্ববিদ্যালয়ে ভর্তি সম্পন্নকৃত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী অটোমাইগ্রেশনের মাধ্যমে অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য বলা হলো।

**নির্দেশাবলী :**

(১) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত শিক্ষার্থীদের আগামী ২৫-০৭-২০২৬ তারিখ শনিবার সকাল ৯.০০ টা থেকে ৪.০০ টার মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের টিএসসি (নীচতলা, কমিউনিটি হল-১) এ স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(২) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ/প্রোগ্রামের জন্য নিম্নবর্ণিত প্রযোজ্য ভর্তি ফি এর সাথে অনলাইনে প্রদত্ত ১০০০০.০০ (দশ হাজার) টাকাসহ ইতোপূর্বে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত ভর্তি ফি সমন্বয় করতে হবে বিধায় ফি জমা রশিদের ফটোকপি সঙ্গে নিয়ে আসতে হবে।

| অনুষদের নাম | প্রোগ্রাম/ডিগ্রির নাম | ফি'র পরিমাণ |
|---|---|---|
| কৃষি | বি.এসসি. এজি. (অনার্স) | ১৭৪০০.০০ |
| এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট | বি.এসসি. এগ্রিকালচারাল ইকোনোমিক্স (অনার্স) | ১৭৬০০.০০ |
| এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন | বি.এসসি. ভেট. সাইন্স এন্ড এ.এইচ. | ২৩৮৫০.০০ |
| ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স | বি.এসসি. ফিশারিজ (অনার্স) | ১৭১০০.০০ |

উপরোক্ত ফি ছাড়াও আবাসিক হলে আবাসিক হিসেবে সংযুক্তির জন্য ২৭৫০/- টাকা এবং অনাবাসিক হিসেবে সংযুক্তির জন্য ১২৫০/- টাকা নির্ধারিত আছে।

(৩) স্থানান্তরিত শিক্ষার্থীদেরকে ০৩ কপি পাসপোর্ট সাইজের ফটো (ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে প্রদত্ত ছবির অনুরূপ), এসএসসি/সমমান পরীক্ষার সনদের ০১ সেট ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সার্টিফিকেট এর ০১ সেট ফটোকপি জমা দিতে হবে।

(৪) ভর্তির দিন এ বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করতে হবে।

(৫) ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম আগামী ২৬-০৭-২০২৬ তারিখ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

(৬) আগামী ২৭-০৭-২০২৬ তারিখ থেকে স্ব স্ব অনুষদের ক্লাশ রুটিন মোতাবেক নিয়মিত ক্লাশ শুরু হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

১৫/০৭/২০২৬

(মোঃ নজরুল ইসলাম)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

**প্রাপক :**

আহবায়ক/সদস্য, ১১-০৬-২০২৬ তারিখ ভর্তির সময় নিরীক্ষার দায়িত্বে নিয়োজিত নিরীক্ষা কমিটি ২০২৬, শেকৃবি
(মাইগ্রেটেড শিক্ষার্থীকে যাচাইপূর্বক ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষরের অনুরোধসহ)

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে)ঃ**

১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স অনুষদ, শেকৃবি
২। প্রভোস্ট (সকল)..........................................................শেকৃবি (ভর্তির সময়কালিন ভর্তি প্রক্রিয়ায় সহযোগিতার অনুরোধসহ)
৪। প্রক্টর, শেকৃবি (ভর্তির সময়কালিন ভর্তি প্রক্রিয়ায় সহযোগিতার অনুরোধসহ)
৫। পরিচালক (অর্থ ও হিসাব)........................................................................................ শেকৃবি
(ভর্তির সময়কালিন ভর্তি প্রক্রিয়ায় সহযোগিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬। পরিচালক, আইসিটি সেল, শেকৃবি (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৭। চীফ মেডিকেল অফিসার, শেকৃবি (ভর্তির সময়কালিন মাইগ্রেটেড শিক্ষার্থীর স্বাস্থ্য পরীক্ষার অনুরোধসহ)
৮। এডিশনাল রেজিস্ট্রার/অতিরিক্ত পরিচালক (সংশ্লিষ্ট)....................................................................শেকৃবি
৯। জনসংযোগ কর্মকর্তা, শেকৃবি (প্রচারের অনুরোধসহ)
১০। ভিসি মহোদয়ের একান্ত সচিব(ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি
১১। পিএ টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি
১২। পিএ টু ট্রেজারার/রেজিস্ট্রার (ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি
১৩। অফিস নথি/মহানথি